



HAZI A.K.KHAN COLLEGE

ESTD : 2008

A NAAC Accredited College with 'B+ +' Grade (1st Cycle)

P.O + P.S.- Hariharpara . Dist.-Murshidabad Pin-742166

Website: www.haziakkhancollege.ac.in

E-mail Id : haziakkhancollege@yahoo.com

E-mail Id: haziakkhancollege@gmail.com

Mob:

Memo No.: HAKKC/ INTERNSHIP/26-268

Date: 08/10/2026

From: Principal

বিজ্ঞপ্তি

বর্তমানে কলেজে অধ্যয়নরত তৃতীয় ও পঞ্চম সেমেস্টারের সকল ছাত্র-ছাত্রীকে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষানীতি (NEP) 2020-এর নির্দেশনা অনুযায়ী ইন্টারশিপে অংশগ্রহণ করা বাধ্যতামূলক। ইন্টারশিপের নির্ধারিত নম্বর প্রাপ্তির ভিত্তিতেই বিশ্ববিদ্যালয়ের মার্কশিট ও ফলাফল সম্পূর্ণতা লাভ করবে। অতএব, ইন্টারশিপে অংশগ্রহণ না করলে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীর ফলাফল অসম্পূর্ণ থেকে যেতে পারে।

এই বিষয়ে ইন্টারশিপের নিয়মাবলি, প্রক্রিয়া, রেজিস্ট্রেশন, অংশগ্রহণ এবং অন্যান্য প্রয়োজনীয় বিষয় সম্পর্কে বিস্তারিত তথ্য প্রদানের জন্য কলেজের পক্ষ থেকে একটি বিশেষ বক্তৃতা ও সচেতনতামূলক আলোচনা সভার আয়োজন করা হয়েছে কলেজের IQAC এবং Student welfare committee এর পক্ষ থেকে।

উক্ত সভায় কল্যাণী বিশ্ববিদ্যালয়ের এম্প্যানেলড (অনুমোদিত) একটি সংস্থার প্রতিনিধিরা উপস্থিত থেকে ছাত্র-ছাত্রীদেরকে ইন্টারশিপ সংক্রান্ত যাবতীয় বিষয় বিস্তারিতভাবে অবহিত করবেন। ছাত্র-ছাত্রীদের ইন্টারশিপ সম্পন্ন করতে হবে বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত(এম্প্যানেলড) সংস্থার মাধ্যমে।

তারিখ: ১২ অক্টোবর ২০২৬(সোমবার)

সময়: দুপুর ১১:৩০ মিনিট

স্থান: কলেজের সেমিনার কক্ষ

ইন্টারশিপের জন্য রেজিস্ট্রেশন সম্পন্ন করার উদ্দেশ্যে প্রত্যেক ছাত্র-ছাত্রীকে উক্ত দিন ২৪৩০ (চারশত ত্রিশ) টাকা সঙ্গে নিয়ে কলেজে উপস্থিত থাকতে হবে।

ইন্টারশিপ সংক্রান্ত যেকোনো প্রশ্ন, সমস্যা বা সংশয় উক্ত সভাতেই আলোচনা করে তার প্রয়োজনীয় সমাধান ও নির্দেশনা প্রদান করা হবে। তাই তৃতীয় ও পঞ্চম সেমেস্টারের সকল ছাত্র-ছাত্রীকে নির্ধারিত তারিখ ও সময়ে অবশ্যই কলেজে উপস্থিত থেকে উক্ত সভায় অংশগ্রহণ করার জন্য নির্দেশ দেওয়া হচ্ছে।

ইন্টারশিপে অংশগ্রহণ না করার কারণে কোনো ছাত্র-ছাত্রীর ফলাফল অসম্পূর্ণ থাকলে তার দায়ভার কলেজ কর্তৃপক্ষ কোনোভাবেই গ্রহণ করবে না। অতএব, সকল ছাত্র-ছাত্রীকে বিষয়টির গুরুত্ব বিবেচনা করে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে নির্দেশ দেওয়া হলো।

Dr. Biswarup Neogi
Principal

Hazi A.K. Khan College
Hariharpara, Murshidabad

Principal

Hazi A.K. Khan College
Hariharpara, Murshidabad

Dr. Biswarup Neogi
Principal

Hazi A.K. Khan College
Hariharpara, Murshidabad

Principal

Hazi A.K. Khan College
Hariharpara, Murshidabad

HAKKC/ INTERNSHIP/26-268 (5) dated 08/10/2026

Copy forward to:

1. Principal Notice Book
2. IQAC Notice Book
3. Teacher Notice Book
4. Student Notice Board
5. Guard File

